দৈনিক সংবাদ

25

তারিখ 1 JUL 1984 পৃষ্ঠা 6 কলাম 6

# জাতীয় স্বার্থেই গণমুখী শিক্ষাব্যবস্থা চালু প্রয়োজন

——জিল্লুর রহমান সিদ্দিকী

(নিজস্ব বার্তা পরিবেশক)

বিশিষ্ট বুদ্ধিজীবী অধ্যাপক জিল্লুর রহমান সিদ্দিকী বলেছেন যে, ঔপনিবেশিক শক্তির স্বার্থে বৃটিশ আমলে যে শিক্ষাব্যবস্থা গড়ে উঠেছিল আজকে স্বাধীন দেশে তার কোন উপযোগিতা আর নেই। আজকে তাই জাতীয় স্বার্থে দেশের মেধা, প্রতিভা, প্রবণতা ও প্রয়োজনের সঙ্গে সংগতিপূর্ণ শিক্ষাব্যবস্থা গড়ে তুলতে হবে।

গতকাল মঙ্গলবার ঢাকায় কে, এল জুবিলী স্কুল মিলনায়তনে বাংলাদেশ শিক্ষক সমিতি ও আন্তর্জাতিক শিক্ষক ফেডারেশন–এর যৌথ উদ্যোগে আয়োজিত এক সেমিনারের উদ্বোধন করতে গিয়ে তিনি একথা বলেন।

'অর্গানাইজেশনাল এডুকেশন এন্ড এডভ্যান্স লিডারশীপ ট্রেনিং প্রোগ্রাম' শীর্ষক এক সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শিক্ষক সমিতির সভাপতি মোঃ কামরুজ্জামান। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন সাধারণ সম্পাদিকা হেনা দাস। দেশের বিভিন্ন অঞ্চল থেকে শিক্ষক প্রতিনিধি এই সেমিনারে যোগ দেন।

অধ্যাপক সিদ্দিকী তার বক্তব্যে দেশে প্রচলিত শিক্ষাব্যবস্থার পরিবর্তন ঘটিয়ে গণমুখী শিক্ষা প্রবর্তনের তাগিদ দিয়ে বলেন, দেশের বিপদে–সংকটে জাতীয় প্রতিরক্ষায় সবচেয়ে সার্থক হাতিয়ার হচ্ছে জাতীয় শিক্ষা। অশিক্ষিত জাতি কখনই কেবলমাত্র অস্ত্রবল দিয়ে, কেবলমাত্র তার সশস্ত্র বাহিনীর সাহস ও শৌর্যের বদৌলতে প্রবল শত্রুর বিরুদ্ধে দাঁড়াতে পারে না। তিনি বলেন; যে জাতি শিক্ষাবঞ্চিত তার মনোবল সর্বদাই দুর্বল থাকে। অস্ত্রবল কখনই মনোবলের বিকল্প হতে পারে না।

সভাপতির ভাষণে মোঃ কামরুজ্জামান বলেন, শিক্ষাঙ্গনে যে সন্ত্রাস ও অব্যবস্থা বিরাজ করছে তার অবসান ঘটাতে না পারলে ছাত্র ও শিক্ষকের মধ্যে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক ফিরিয়ে আনা সম্ভব নয়।